গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন চরআলগী ইউনিয়ন রক্ষার্থে ব্রহ্মপুত্র নদের বাম তীরে বেড়ী বাঁধ নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৭-০৯-২০২১।
সভার সময়	২.২০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-৩ শাখা), পাসম জানান যে, প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে চরআলগী ইউনিয়ন রক্ষার্থে ব্রহ্মপুত্র নদের বাম তীরে প্রায় ২২.০০ কি.মি. দৈর্ঘ্যের বেড়ী বাঁধ নির্মাণের মাধ্যমে প্রকল্প এলাকা বন্যা মুক্তকরণ। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৩৯৭.১১ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারি, ২০১৯ হতে জুন, ২০২২ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৬১.০০% এবং আর্থিক অগ্রগতি ৪৭.১৫%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা সংশ্লিষ্ট আলোচনা ও সিদ্ধান্ত:-

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ জানান, মরা নদী (হাটশিরা), কোনাপাড়া খাল, বালুয়াকান্দা খাল, টেকিরচর খালসহ অন্যান্য ছোট ছোট খাল ও নীচু স্থানে মাটি ফেলে বাঁধ নির্মাণ করলে প্রকল্পের ভেতর ব্যাপক জলাবদ্ধতার সৃষ্টি হবে। সমীক্ষা কমিটির সুপারিশ অনুসারে মরা নদী (হাটশিরা) ও কোনাপাড়া খালে যথাযথ নিষ্কাশনের জন্য ২টি ২-ভেন্ট রেগুলেটর এবং বালুয়াকান্দা খাল, টেকিরচর খালসহ অন্যান্য ছোট ছোট খাল ও প্রাকৃতিকভাবে নীচু/ঢালু স্থান গুলোতে ১০টি আউটলেট/ইনলেট নির্মাণ কাজ সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এছাড়াও তিনি জানান, বাধেঁর এলাইনমেন্ট বরাবর পল্লী বিদ্যুৎ সমিতির ৪২টি বৈদ্যুতিক খুঁটি রয়েছে যার কারণে বাঁধ নির্মাণ কাজ ব্যহত হচ্ছে। বাধেঁর এলাইনমেন্ট থেকে পল্লী বিদ্যুৎ সমিতির ৪২টি বৈদ্যুতিক খুঁটি অপসারণ/পুনঃস্থাপনের জন্য সংশোধিত ডিপিপিতে ৩৪.৯২ লক্ষ টাকা (পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্কলন অনুসারে) সংস্থান রাখা প্রয়োজন।	আরডিপিপি যাচাইপূর্বক দ্রুত সংশোধিত ডিপিপি পুনঃদাখিল করতে হবে।	পরিকল্পনা উইং, পাসম ও প্রকল্প পরিচালক।
২	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ আরও জানান, জমি হুকুম দখল ব্যতীত বাঁধ ও রেগুলেটর নির্মাণের ফলে জমির মালিকগণ প্রায়ই বাধা প্রদান করছে। জমি হুকুম দখল ব্যতিত বাঁধ, রেগুলেটর ও আউটলেট/ইনলেট নির্মাণের জন্য এলাকার জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যাক্তিবর্গ ও স্থানীয় প্রশাসনের সহযোগিতা একান্ত প্রয়োজন। প্রকল্পটি জুন, ২০২২ এ সমাপ্ত করতে হবে।	জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে সমস্যা সমাধান করতে হবে।	প্রকল্প পরিচালক ও সভাপতি, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি।
৩	বর্তমানে প্রকল্পের ৯টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। উল্লেখিত সমস্যা সমাধান হলে প্রকল্পের সকল প্যাকেজের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে।	প্রকল্পটি জুন, ২০২২ এ সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক

৩। সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৫.১৯-৩৭১

তারিখ: ১ কার্তিক ১৪২৮
১৭ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব)।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৬) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন চরআলগী ইউনিয়ন রক্ষার্থে ব্রহ্মপুত্র নদের বাম তীরে বেড়ী বাঁধ নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প, ময়মনসিংহ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ।
২২) সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব